



# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্বেদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচারপত্র নং - ৪৪/২০২৪

তারিখ: ১৩/০৮/২০২৪ খ্রি:

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

## জরুরী দৃষ্টি আকর্ষণ

### আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তিকরণ প্রসঙ্গে

সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে, অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের মাধ্যমে শুঙ্কায়ন কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত এবং জাল-জালিয়াতির মাধ্যমে পণ্য খালাসের বিষয়টি সহজেই চিহ্নিত করার লক্ষ্যে আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা <https://bdcams.bdcustoms.gov.bd> ওয়েবসাইটের মাধ্যমে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্ত করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক একাধিক পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়। জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা অনুযায়ী আমদানিকারকদেরকে <https://bdcams.bdcustoms.gov.bd> ওয়েবসাইটে স্ব স্ব BIN ও Mobile No. এর মাধ্যমে লগইন করে BIN এর সাথে সিএন্ডএফ এজেন্টের AIN সংযুক্ত করতে হবে। সিস্টেমে সংযুক্তি নেই এমন সিএন্ডএফ এজেন্টগণ অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে বিল অব এন্ট্রি দাখিল করতে পারবেন না।

ইতোপূর্বে বিষয়টি প্রচারপত্র নং-৩২/২০২৪, তারিখ-২৩/০৫/২০২৪ খ্রি. ও প্রচারপত্র নং-৩৭/২০২৪, তারিখ-২৫/০৬/২০২৪ খ্রি. এর মাধ্যমে সম্মানিত সদস্যদেরকে অবহিত করা হয়েছিল।

এমতাবস্থায়, অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে বিল অব এন্ট্রি দাখিলে জটিলতা এড়াতে আমদানিকারকের মাধ্যমে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে আমদানিকারকের BIN এর সাথে AIN সংযুক্তকরণের ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হল।

বিষয়টি অত্যন্ত জরুরী।

ধন্যবাদান্তে,

কাজী মাহমুদ ইমাম (বিলু)

সাধারণ সম্পাদক